

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
আইসিটি শাখা



জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ জিল্লুর রহমান চৌধুরী যুগ্মসচিব
সভার তারিখ	১ জুন ২০২০
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	অনলাইন সিস্টেম
উপস্থিতি	..

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের চিফ ইনোভেশন অফিসারের সভাপতিত্বে ইনোভেশন টিমের ৬ষ্ঠ সভা গত ১ জুন ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় ইনোভেশন টিমের সদস্যগণ সংযুক্ত ছিলেন। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ অনলাইনে শুরু করেন। কমিটির সদস্য সচিব, মোছাম্মাৎ ফারহানা রহমান (উপসচিব) সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে আলোচ্যসূচি অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন।

০২। ২০১৯-২০ অর্থ বছরের ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনায় ১৫টি উদ্দেশ্যের ৩৪টি কার্যক্রম নির্ধারণ করা আছে যার অধিকাংশ কার্যক্রমই ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে এবং কিছু বাস্তবায়নের প্রক্রিয়াধীন রয়েছে। এর মধ্যে কার্যক্রম ৭.১: ১টি ইনোভেশন শোকেসিং আয়োজন, কার্যক্রমটি চলমান করোনা পরিস্থিতির কারণে আয়োজন করা সম্ভব হচ্ছেনা মর্মে সভায় অভিমত প্রকাশ করা হয়। যার ফলে কার্যক্রম ৭.২: শোকেসিং এর মাধ্যমে ৩টি শ্রেষ্ঠ উদ্ভাবনী নির্বাচন; এবং ৯.১: ৩ জন উদ্ভাবককে প্রশংসাসূচক সনদপত্র প্রদান কার্যক্রম দুটিও আপাতত বাস্তবায়ন করা সম্ভবপর হচ্ছেনা। কারণ, শোকেসিং আয়োজন করতে হলে জনসমাগমের প্রয়োজন হবে। এ বিভাগের মোট ২৮টি দপ্তর/সংস্থা/কোম্পানী হতে প্রতিনিধিসহ অন্যান্য অতিথিবর্গের এক জায়গায় উপস্থিত থেকে শোকেসিং আয়োজন করা নিরাপদ নয় মর্মে মতামত ব্যক্ত করা হয়।

০৩। কার্যক্রম ১৩.২ এ দপ্তর/সংস্থার সাথে এ বিভাগের ইনোভেশন টিমের ৩ টি সভা করার কথা রয়েছে, দুটি সভা অনুষ্ঠিত হয়েছে বাকি একটি সভা আয়োজন করতে হবে। সদস্য সচিব বলেন এ মাসের মধ্যে জুম সফটওয়্যার ব্যবহার করে দপ্তর/সংস্থার সাথে সভা করা যেতে পারে।


০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক) সুবিধাজনক সময়ে শোকেসিং আয়োজন করতে হবে;

খ) দপ্তর/সংস্থার সাথে আরেকটি সভা জুন'২০২০ মাসের মধ্যেই শেষ করতে হবে;

গ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জিল্লুর রহমান চৌধুরী  
যুগ্মসচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.৫৩

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪২৭  
০৯ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ২) উপসচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপ-প্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) সিস্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ



মোছাম্মাৎ ফারহানা রহমান  
উপসচিব